



মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্তোষ, টাঙ্গাইল-১৯০২।

নিয়োগ বিজ্ঞপ্তি

সূত্র : মাভাবিপ্রবি/রেজি./সংস্থাপন শাখা-১/এ-১২/২০১৯/

তারিখ : ২৫ ফাল্গুন ১৪২৫
০৯ মার্চ ২০১৯

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে মেডিকেল সেন্টারে নিম্নলিখিত পদগুলো পূরণের জন্য যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্র. নং	পদের নাম, সংখ্যা ও বয়স	বেতনস্কেল ও গ্রেড (জা. বে. ২০১৫)	নিয়োগের ক্ষেত্রে প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	মেডিকেল অফিসার ০২টি (পুরুষ-১টি, মহিলা-১টি) বয়স : সর্বোচ্চ ৩০ বছর	২২০০০-৫৩০৬০/- (৯ম গ্রেড)	প্রার্থীকে অবশ্যই যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে এমবিবিএস ডিগ্রিধারী হতে হবে এবং বিএমডিসি কর্তৃক রেজিস্ট্রেশন প্রাপ্ত হতে হবে।
০২	নার্স/ব্রাদার ০১টি বয়স : সর্বোচ্চ ৩০ বছর	৯৩০০-২২৪৯০/- (১৬তম গ্রেড)	এস. এস. সি পাশসহ স্বীকৃত ইনস্টিটিউট হতে নার্সিং-এ ডিপ্লোমাধারী হতে হবে। সংশ্লিষ্ট কাজে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে।

- উপরোক্ত পদগুলোর আবেদনপত্রের নির্ধারিত ফরম ব্যক্তিগতভাবে অথবা www.mbstu.ac.bd ওয়েবসাইট থেকে অথবা ১০/- (দশ) টাকার অব্যবহৃত ডাকটিকিটসহ নিজ ঠিকানাসম্বলিত খাম পাঠিয়ে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিস হতে অফিস চলাকালীন সময়ে ০৩/০৪/২০১৯ তারিখের মধ্যে সংগ্রহ করা যাবে।
- "ভাইস-চ্যান্সেলর, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সন্তোষ, টাঙ্গাইল-১৯০২"-এর অনুকূলে সোনালী ব্যাংক লিমিটেড, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখার ওপর আবেদনপত্রের ফি বাবদ সোনালী ব্যাংক লিমিটেড এর যে কোনো শাখা থেকে ক্রমিক নং ০১ এর পদের জন্য ৮০০/- (আটশত) এবং ক্রমিক নং ০২ এর পদের জন্য ৫০০ (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ (অফেরতযোগ্য) প্রার্থীর সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ০৩ (তিন) কপি ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র/নম্বরপত্র, অভিজ্ঞতার সনদ, চারিত্রিক সনদ এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি সংযুক্তপূর্বক নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।
- উল্লিখিত ০৩/০৪/২০১৯ তারিখের মধ্যে ০৭ (সাত) সেট দরখাস্ত রেজিস্ট্রার বরাবর অফিস চলাকালীন সময়ে পৌঁছাতে হবে। বিলম্বে প্রাপ্ত বা অসম্পূর্ণ দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে। যে কোনো দরখাস্ত গ্রহণ/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। সরকারি/আধা-সরকারি/পাবলিক বিশ্ববিদ্যালয়/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে এবং এ বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- এ বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে যে কোনো একটি শর্ত শিথিলযোগ্য।
- আবেদন পত্রের সংশ্লিষ্ট কলামে টেলিফোন নম্বর/মোবাইল নম্বর অবশ্যই উল্লেখ করতে হবে।

(ড. মোহাঃ তোহিদুল ইসলাম)
রেজিস্ট্রার
মাভাবিপ্রবি।